

বৃত্তির টাকা নিয়ে মাউশির জরুরি নির্দেশনা

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

শিক্ষার্থীদের বৃত্তির টাকা দ্রুত ও নির্ভুলভাবে
সরাসরি ব্যাংক অ্যাকাউন্টে (ইএফটি) পাঠানোর
প্রক্রিয়াকে ত্রুটিমুক্ত করতে কড়া পদক্ষেপ
গ্রহণ করেছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
(মাউশি)।

সম্প্রতি অধিদপ্তরের একিউএইউ সেলের এক
বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ২০২৫-২৬
অর্থবছরের রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ
বৃত্তির টাকা যথাসময়ে পেতে দেশের সব
শিক্ষাপ্রতিষ্ঠানকে শিক্ষার্থীদের তথ্য আগামী ৩০
নভেম্বরের মধ্যে এমআইএস (MIS)
সফটওয়্যারে নির্ভুলভাবে এন্ট্রি ও সংশোধন
করতে হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মেধা ও সাধারণ বৃত্তি
এবং মাদরাসা শিক্ষা বোর্ড থেকে বৃত্তি পেয়ে
সাধারণ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির
টাকা ইলেক্ট্রনিক ফাল্ড ট্রান্সফারের (ই-এফটি)
মাধ্যমে পাঠানো হবে। সেজন্য সব বৃত্তি ও
ব্যাংক-সংগ্রান্ত তথ্য আগামী ৩০ নভেম্বরের
মধ্যে সফটওয়্যারে সঠিকভাবে এন্ট্রি করতে
হবে।

এতে আরো বলা হয়েছে, আগে যেসব বৃত্তিপ্রাপ্ত
শিক্ষার্থীর তথ্য সফটওয়্যারে অন্তর্ভুক্ত হয়নি,
তাদের তথ্যও এবার নতুনভাবে এন্ট্রি করা যাবে।
কারণ, তথ্য ভুল বা অসম্পূর্ণ থাকায় অনেক
শিক্ষার্থীর বৃত্তির অর্থ যথাসময়ে পাঠানো সম্ভব
হয় না। তাই সব ধাপ অনুসরণ করে তথ্য
হালনাগাদ করতে বলা হয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, এ পর্যায়ে ব্যাংক হিসাব
সংগ্রান্ত ভুল যেমন ব্যাংকের নাম, শাখার নাম,
রাউটিং নম্বর, হিসাব নম্বরের ত্রুটি, ঘোথ/একক
হিসাব বিভ্রাট কিংবা ইনঅ্যাকটিভ অ্যাকাউন্টের
কারণে যেসব শিক্ষার্থীর বৃত্তির অর্থ ‘বাউন্স’
হয়েছে, তাদের তথ্য সংশোধন ও অ্যাকাউন্ট
সক্রিয় করতে হবে।

এদিকে, বৃত্তির তথ্য এন্ট্রি বা সংশোধনে কোনো
ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট
প্রতিষ্ঠানের প্রধান বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী
থাকবেন বলেও সতর্ক করা হয়েছে।